# আজ রাজশাহী বিভাগের চার জেলায় জামায়াতের আমিরের নির্বাচনী জনসভা



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

আজ রাজশাহী বিভাগের চার জেলায় নির্বাচনী প্রচারণার অংশ হিসেবে জনসভা করবেন জামায়াতের আমির ডা. শফিকুর রহমান। নির্বাচনের আগে এই সফরে তিনি ১১ দলীয় জোটের প্রার্থীদের জন্য ভোট চাইবেন।

সকালে ডা. শফিকুর প্রথমে নওগাঁ সফর করবেন। বেলা ১১টায় শহরের এটিএম মাঠে জনসভা করে বক্তব্য রাখার কথা রয়েছে। এরপর চাঁপাইনবাবগঞ্জে পৌঁছে বেলা সাড়ে ১২টায় নবাবগঞ্জ সরকারি কলেজ মাঠে ভাষণ দেবেন। দুপুরে রাজশাহীর গোদাগাড়ীর মহিষালবাড়ি ডিগ্রি কলেজ মাঠে এবং বিকেলে রাজশাহী শহরের মাদরাসা মাঠে আরও জনসভা অনুষ্ঠিত হবে। জোটের অন্যান্য শীর্ষ নেতারাও এসব অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

সন্ধ্যায় তিনি নাটোরের নবাব সিরাজ-উদ-দৌলা সরকারি কলেজ মাঠে শেষ জনসভায় বক্তব্য রাখবেন এবং রাতের বেলা নাটোরেই অবস্থান করবেন। পরদিন (৬ ফেব্রুয়ারি) বরিশালে যোগ দেবেন তিনি।

LENS ASIA